

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 11-03-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

প্রধানমন্ত্রী:

প্রধানমন্ত্রী নরেন্দ্রমোদী আজ কেরালা ও তামিলনাড়ু সফর করবেন। দুপুরে কেরালার এরনাকুলাম সফরে তিনি ১০ হাজার ৮০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। তিনি দুটি ছয় লেনের দুটি বড় হাইওয়ে প্রকল্পেরও উদ্বোধন করবেন।

পরে প্রধানমন্ত্রী বিকালে তামিলনাড়ুর তিরুচিরাপল্লীতে যাবেন। সেখানেও তিনি ৫ হাজার ৬৫০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।

New train :

আগামী ১৩ মার্চ থেকে আসামের নারাজি এবং আগরতলার মধ্যে নতুন ট্রেন পরিষেবা চালু হতে যাচ্ছে। গতকাল উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে এই নতুন ট্রেন পরিষেবা চালুর ঘোষণা দিয়েছে। রাজ্যের পরিবহন মন্ত্রী অশান্ত চৌধুরী তাঁর সামাজিক মাধ্যমে জানিয়েছেন, নতুন এই ট্রেন পরিষেবা চালু হলে দুই রাজ্যের মধ্যে যাত্রী পরিবহনের সুবিধা বৃদ্ধি পাবে। যোগাযোগ ব্যবস্থা আরও সহজ ও দ্রুততর হবে। পাশাপাশি ব্যবসা-বাণিজ্য ও পর্যটন ক্ষেত্রেও ইতিবাচক প্রভাব পড়বে।

National Lok Adalat :

রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ১৪ই মার্চ চলতি বছরের প্রথম লোক আদালত অনুষ্ঠিত হবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী সাংবাদিকদের জানিয়েছেন, ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে এই লোক আদালত বসবে। মোট ৪৫ টি বেঞ্চে ২৬ হাজার ৫৭৪ টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। শ্রীমতি চৌধুরী দ্রুত ও বিনা আইনি খরচে সংশ্লিষ্ট সবাইকে মামলা নিষ্পত্তির সুবিধা নিতে আহ্বান করেছেন।

JAL JIBAN MISSION :

কেন্দ্রীয় মন্ত্রিসভা গতকাল জল জীবন মিশনের মেয়াদ ২০২৮ সালের ডিসেম্বর পর্যন্ত বাড়ানোর অনুমোদন দিয়েছে। নয়াদিল্লিতে সংবাদমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা জল শক্তি মন্ত্রকের জল জীবন মিশনের বাস্তবায়ন পুনর্গঠন ও পুনর্নির্মাণের প্রস্তাব অনুমোদন করেছে। কাঠামোগত সংস্কারের উপর দৃষ্টি নিবদ্ধ করে জল জীবন মিশনে একটি অভিন্ন জাতীয় ডিজিটাল কাঠামো, →সুজলাম ভারত" প্রতিষ্ঠা করা হবে যার অধীনে প্রতিটি গ্রামকে একটি অনন্য সুজল গাঁও/পরিষেবা এলাকা আইডি বরাদ্দ করা হবে। এটি উৎস থেকে নল পর্যন্ত সম্পূর্ণ পানীয় জল সরবরাহ ব্যবস্থার ডিজিটালি মানচিত্র তৈরি করবে।

Dol Utsav :

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেছেন, রাজ্যের মিশ্র সংস্কৃতিকে আরও বেশি সমৃদ্ধ করার লক্ষ্যে সরকার কাজ করছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে

রাজ্যভিত্তিক দোল উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। মেয়র বলেন বিভিন্ন জনগোষ্ঠীর মানুষ বিভিন্ন আঙ্গিনায় এই উৎসব পালন করেন।

Deputation of blind association :

সময়মতো ব্রেইল পাঠ্যপুস্তকের ব্যবস্থা করা , দৃষ্টিহীন প্রতিবন্ধী শিক্ষকদের বার্ষিক প্রশিক্ষণের ব্যবস্থা করা সহ একাধিক দাবিতে গতকাল জেলা শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রে ডেপুটেশন দিয়েছে অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশন। সংগঠনের এক প্রতিনিধি দল ডেপুটেশনে জানান, ২০১৬ সালের আইন অনুযায়ী দৃষ্টিহীনদের বই , প্রশ্নপত্র দেওয়ার নিয়ম রয়েছে। এগুলি সঠিকভাবে পালনের দাবি জানানো হয়েছে।

Awareness Cum :

খাদ্যের পুষ্টিগুণ রক্ষায় পরম্পরাগত বীজ চাষাবাদে ব্যবহারে কৃষকদের সচেতন করতে আজ বীরচন্দ্রমুর দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রে এক সচেতনতা সভা ও কৃষি সামগ্রী বিতরণ অনুষ্ঠান হয়। এর সূচনা করেন দক্ষিণ জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত।

Blood Donation :

অগ্নিনির্বাপক ও জরুরী পরিষেবা দপ্তরের উদ্যোগে গতকাল আগরতলায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন দপ্তরের যুগ্ম অধিকর্তা মিঠুন দাস, প্রাক্তন অধিকর্তা উত্তম মন্ডল। শিবিরে ১০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৬ ডিগ্রি সেলসিয়াস।
